

সূত্র

প্রিন্ট: ১৪ অক্টোবর ২০২৫, ১১:৩২ এএম

শিক্ষাঙ্গন

বেরোবিতে ত্রিমুখী সংঘর্ষ, ৮ শিক্ষার্থী বহিষ্কার



বেরোবি প্রতিনিধি

প্রকাশ: ১৪ অক্টোবর ২০২৫, ১০:৩০ এএম



পাশাপাশি তদন্তে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ধাপে ধাপে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে প্রশাসন।

সোমবার (১৩ অক্টোবর) সন্ধ্যায় ফুটবল খেলাকে কেন্দ্র করে তিন বিভাগের শিক্ষার্থীর মধ্যে উত্তেজনা ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে ক্যাম্পাসে আতঙ্কের সৃষ্টি হয়। ঘটনার পরপরই প্রশাসন জরুরি বৈঠক ডেকে সিদ্ধান্ত নেয় বহিষ্কার ও তদন্তের।

বহিষ্কৃতরা সবাই মার্কেটিং বিভাগের শিক্ষার্থী। তারা হলেন— সাফায়েত শুভ (ব্যাচ ১৬), শাহরিয়ার অপু (ব্যাচ ১৬), সজিব (ব্যাচ ১৬), সৌরভ (ব্যাচ ১৬), নাজমুজ সাকিব (ব্যাচ ১৬), রোহান সরকার রোহান (ব্যাচ ১৬), জিহাদ (ব্যাচ ১৬) এবং আশরাফুল (ব্যাচ ১৪)।

রাকসু নির্বাচন ঘিরে ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার

এ ঘটনায় পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন দেওয়ার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। ওই প্রতিবেদনের ভিত্তিতে আরও শিক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হতে পারে বলে জানা গেছে।

এ বিষয়ে শিক্ষার্থীরা জানান, ঘটনাটি ছিল ত্রিমুখী সংঘর্ষ, যেখানে মার্কেটিং, পরিসংখ্যান ও পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা আহত হয়েছেন। সমাজবিজ্ঞান বিভাগের ক্লাসরুমও ভাঙচুর করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সম্পদ নষ্ট করা হয়েছে। সেখানে শুধু মার্কেটিং বিভাগের শিক্ষার্থীদের কেন বহিষ্কার করা হলো?

চাকসু নির্বাচনে যে সমীকরণে নির্ধারিত হবে প্রার্থীদের ভাগ্য

শৃঙ্খলা কমিটির জরুরি বৈঠক শেষে এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলী বলেন, প্রাথমিকভাবে আট শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তদন্তের অগ্রগতির আলোকে বহিষ্কারের সংখ্যা আরও বাড়তে পারে।

